


ঢাকায় ৯ম ইউকে শিক্ষা মেলা শুরু হচ্ছে ১ মার্চ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বৃটিশ কাউন্সিলের উদ্যোগে আগামী মার্চে শুরু হচ্ছে ৯ম ইউকে শিক্ষা মেলা ২০০৭। ঢাকার শেরাটন হোটেলের উইন্টার গার্ডেনে ১ মার্চ থেকে ৩ মার্চ এবং চট্টগ্রামে পেনিনসুলা হোটেল ৫ মার্চ থেকে ৬ মার্চ পর্যন্ত এ মেলা চলবে। যুক্তরাজ্যের ২৭টি বিশ্ববিদ্যালয় এবং কলেজের প্রতিনিধিরা এতে অংশগ্রহণ করবেন। এছাড়া ইউকে ভিসা সার্ভিসেস, বৃটিশ হাই কমিশনও মেলায় অংশ গ্রহণ করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এসএমএ ফায়েরজ ১ মার্চ সকাল ১১টায় শিক্ষামেলার উদ্বোধন করবেন।

ঢাকায় ১ ও ২ মার্চ বিকাল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং ৩ মার্চ দুপুর ১টা থেকে ৭টা পর্যন্ত জনসাধারণের জন্য মেলা উন্মুক্ত থাকবে। চট্টগ্রামে ৫ মার্চ বিকাল ৩টা থেকে রাত ৯টা এবং ৬ মার্চ দুপুর ১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মেলা উন্মুক্ত থাকবে। সর্বসাধারণের জন্য মেলায় মূল্য প্রবেশ রাখা হয়েছে ৫০ টাকা করে। তবে স্কুল/কলেজের ইউনিফর্ম পরিহিত বা পরিচয়পত্র বহনকারী ছাত্র-ছাত্রীদের জন্য এই মেলা উন্মুক্ত থাকবে।

শিক্ষামেলাকে সামনে রেখে গতকাল (রোববার) হোটেল শেরাটনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে বৃটিশ কাউন্সিলের ডেপুটি ডিরেক্টর রিচার্ড স্যান্ডারল্যান্ড, এডুকেশন প্রমোশন এন্ড মার্কেটিং ম্যানেজার রাইকা ওয়াশী খান, বৃটিশ হাইকমিশনের ইমিগ্রেশন সেকশনের অফিসার জন ডার্নি ও সারা হ ব্যালফর উপস্থিত ছিলেন।

বৃটিশ হাই কমিশনের ভিসা সার্ভিসেস সহকারী পরিচালক জনাথন ডার্নি সেমিনারটি পরিচালনা করবেন।



ইনকিলাব : ৯ম ইউকে শিক্ষামেলা উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে আয়োজকরা